অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন র‍্যাল্ফ উইলসন কনজারভেন্সি, বাফেলো সিটি, এবং অংশীদারগণ ভবিষ্যৎ র‍্যাল্ফ উইলসন পার্কের কাজ শুরু করেছে

110 মিলিয়ন মার্কিন ডলারের সহযোগ বিনিয়োগ প্রাক্তন লাস্যাল পার্ককে বাফেলোর ওয়াটারফ্রন্টের একটি অনন্য, বিশ্বমানের পার্ক হিসেবে রূপান্তর করার সম্প্রদায়ের স্বপ্ন পূরণ করবে

প্রথম পর্যায়ের নির্মাণকাজের মধ্যে থাকবে উন্নত অ্যাক্সেসের জন্য একটি সিগনেচার পথচারী ব্রিজ, বল খেলার মাঠের উন্নয়ন এবং উপকূলরেখার পুনর্বাসন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বাফেলো সিটি এবং র‍্যাল্ফ উইলসন পার্ক কনজারভেন্সি (Ralph Wilson Park Conservancy), র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র সেন্টেনিয়াল পার্কের (Ralph C. Wilson, Jr. Centennial Park) ("র‍্যাল্ফ উইলসন পার্ক (Ralph Wilson Park)") কাজ শুরু করেছে, এটি বাফেলোর ওয়াটারফ্রন্টে অবস্থিত একটি 99 একরের বিশ্বমানের পার্ক। "ইমাজিন লাস্যাল (Imagine LaSalle)" নির্দেশনায় স্থাপিত, প্রাক্তন লাস্যাল পার্কের (LaSalle Park) সম্প্রদায়ভিত্তিক স্বপ্নদর্শন প্রক্রিয়ায় র‍্যাল্ফ উইলসন পার্কটি 110 মিলিয়ন মার্কিন ডলারের রূপান্তরের মধ্যে দিয়ে গিয়ে দেশের সবথেকে সুন্দর এবং অন্তর্ভুক্তিকর পাবলিক স্পেসগুলির একটি হবে, যা আশেপাশের বাসিন্দা এবং অঞ্চল ও তার বাইরের দর্শনার্থীদেরও সেবাদান করবে। পার্কের নাম প্রয়াত উদ্যোক্তা, ভেটেরান, এবং দানশীল ব্যক্তি র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়রের লেগেসিকে সম্মান জানায়। এর কাজ 2025 সালের শেষের দিকে সম্পূর্ণ হবে বলে আশা করা যাচ্ছে। রেন্ডারিং পাওয়া যাবে এখানে।

"বাফেলো বিলসের অনেক প্রজন্মের ভক্তরা বাফেলোর প্রতি প্রতিষ্ঠাতা র‍্যাল্ফ উইলসনের অঙ্গীকার এবং তার আজীবন উদারতার ব্যাপারে জানে," **গভর্নর ক্যাথি হোকল বলেন।** "র‍্যাল্ফ উইলসন পার্কের কাজ শুরু হওয়ার ফলে এই ওয়াটারফ্রন্ট পার্কে একটি সহযোগিতামূলক রূপান্তর আসবে যা এটিকে একটি প্রাণবন্ত সম্প্রদায়ের স্থানে পরিণত করবে, যেখানে আগামী বহু বছর ধরে ভবিষ্যৎ প্রজন্ম সমবেত হওয়া উপভোগ করবে। এটি নিশ্চিত করবে যে আমাদের সম্প্রদায়ের প্রয়াত র‍্যাল্ফ উইলসনের ভালোবাসা প্রভাব বিস্তার করতেই থাকবে।"

কনজারভেন্সি বোর্ডের প্রেসিডেন্ট বেলাঙ্গার বলেন, "এটি বাফেলোর সর্ববৃহৎ ওয়াটারফ্রন্ট পার্ক এবং এটি 1932 সালে যখন এটি বাফেলো সিটির শতবর্ষ উদযাপন আয়োজন করে তখন

থেকে পশ্চিম নিউ ইয়র্কের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে আছে। এই ধরনের নির্মাণ কাজ জীবনে একবারই হয়ে থাকে। র‍্যাল্ফ উইলসন পার্কটি দেশের সেরা পার্কসমূহের তালিকায় স্থান করে নিবে এবং আমাদের এলাকাগুলিকে অনেকভাবে প্রভাবিত করবে। কয়েক প্রজন্মের বাফেলোবাসীরা এখানে সমবেত হবে এবং সারাজীবন মনে রাখার মতো স্মৃতি তৈরি করবে। আমরা পুরো সম্প্রদায়ের অংশীদারদের সাথে কাজ করতে পেরে গর্বিত, যাতে এই পার্কটিকে পশ্চিম নিউ ইয়র্কবাসীদের জন্য এবং পুরো অঞ্চল ও তার বাইরের দর্শনার্থীদের জন্য একটি গন্তব্য হিসেবে এর পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে সাহায্য করতে পারি।"

মেয়র বায়রন ব্রাউন বলেন, "2018 সালের অক্টোবর মাসে ম্যারি উইলসন বাফেলোতে আসেন এবং এই ঘোষণা করে সকলের হৃদয় উষ্ণতায় ভরিয়ে দেন যে র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন প্রাক্তন লাস্যাল পার্ককে একটি বিশ্বমানের, ওয়াটারফ্রন্ট গন্তব্যে পরিণত করতে, যাতে করে এটি এধরনের পরিবেশের প্রাকৃতিক সৌন্দর্যের সর্বাধিক ব্যবহার করতে পারে, আমার প্রশাসনের প্রচেষ্টাকে সমর্থন করতে 50 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। আজকের শুরু হওয়া কাজ প্রতিবেশী সম্প্রদায় এবং বাফেলোর সকল বাসিন্দাদের আগামী কয়েক প্রজন্ম ধরে উপভোগ করার মতো একটি 'জনগণের পার্ক' তৈরি করার যে অন্তর্ভুক্তিকর এবং স্বচ্ছ পরিকল্পনা প্রক্রিয়া রয়েছে তার একটি প্রধান মাইলফলক।"

সম্প্রদায়ের নেতৃত্বে নির্মাণ

প্রাথমিক 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের পাশাপাশি, ফাউন্ডেশন ইমাজিন লাস্যাল উদ্যোগ শুরু করার জন্য অতিরিক্ত তহবিল প্রদান করেছে, এটি পার্কটিকে প্রতিবেশী, বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য একটি বিশ্বমানের গন্তব্যে পরিণত করার জন্য সম্প্রদায়ের স্বপ্ন বিবেচনা ও বিকাশ করার জন্য একটি বহু বছরের সম্প্রদায়ভিত্তিক প্রচেষ্টা। বাফেলো ইউনিভার্সিটির আঞ্চলিক ইনস্টিটিউট (University at Buffalo Regional Institute, UBRI) এই সংযুক্ত হওয়ার কাজে নেতৃত্ব দিয়েছে উইলসন ফাউন্ডেশন, গ্রেটার বাফেলো কমিউনিটি ফাউন্ডেশন (Community Foundation for Greater Buffalo), বাফেলো সিটি পার্কস এবং রিক্রিয়েশন ডিভিশন (Division of Parks and Recreation), বাফেলো আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Buffalo Urban Development Corporation, BUDC), কমিউনিটি সার্ভিসেস এবং রিক্রিয়েশনাল প্রোগ্রামিং ডিপার্টমেন্ট (Community Services and Recreational Programming), এবং মেয়রের কৌশলগত পরিকল্পনার অফিসের (Office of Strategic Planning) সাথে অংশীদারিত্ব করে।

এর পর থেকে তহবিল প্রদানকারী এবং স্টেকহোল্ডারগণ র‍্যাল্ফ উইলসন পার্কের জন্য সম্প্রদায়ের স্বপ্ন পরিপূর্ণ করতে কাজ করছে। পার্কের অন্তর্ভুক্তিকারী ও বৈচিত্র্যের সংস্কৃতিকে উদযাপন করার জন্য, এবং অনুপ্রেরণাদায়ক ল্যান্ডস্কেপিং দ্বারা প্রকৃতিকে বরণ করে নেওয়ার জন্য নকশাকৃত পার্কটির নাটকীয় রূপান্তর করা হবে। সুদূরপ্রসারী পাহাড় ও উপত্যকা, সক্রিয় ও বৈচিত্র্যময় বিনোদনমূলক কর্মকাণ্ড, এবং সকল বয়সের শিশুদের খেলার স্থানের গন্তব্য দ্বারা টপোগ্রাফি বদলে যাবে। নতুন নকশা একটি নতুন পথচারী ব্রিজের মাধ্যমে এলাকার সাথে সংযোগ বৃদ্ধি করবে, নিরাপদ পানি পাওয়ার সুযোগ সর্বোচ্চ করবে, জলবায়ু পরিবর্তন এবং লেকের পানির সীমা বৃদ্ধির প্রভাব প্রশমন করতে একটি স্থিতিস্থাপক উপকূলরেখা স্থাপন করবে।

র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড ও. এগনার বলেন, "বাফেলো সিটি, নিউ ইয়র্ক স্টেট এবং আরো অনেক অংশীদারদের সহযোগিতা ছাড়া, যারা 2018 সালে আমাদের প্রতিষ্ঠাতা র‍্যাল্ফ উইলসনকে সম্মান জানিয়ে গৃহীত এই প্রতিশ্রুতি ব্যবহার করে এবং এর উপর ভিত্তি করে একত্রিত হয়েছে, আজকের কাজ শুরু হওয়া সম্ভব হতো না। ইমাজিন লাস্যাল জড়িত করার প্রক্রিয়াটি ভবিষ্যৎ র‍্যাল্ফ উইলসন পার্কের জন্য একটি উচ্চাকাঙ্ক্ষী সম্প্রদায়ের স্বপ্ন প্রদান করেছে যা অংশীদারগণ, স্টেকহোল্ডার, এবং তহবিলদানকারীদের এই দুর্দান্ত দলের জন্য উন্মুক্ত ও সকলকে স্বাগত জানাবে এমন একটি পাবলিক স্পেসে জীবনে একবার হওয়া সম্ভব এমন বিনিয়োগ সমর্থন করার ব্যাপারে আমাদের সাথে যোগদান করার পথ তৈরি করে দিয়েছে।"

নির্মাণের সময়সূচি

পার্কটি আগামী কয়েক বছর ধরে পর্যায়ক্রমে নির্মিত হবে। নির্মাণকাজ গ্রীষ্মের শেষের দিকে শুরু হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে, এটি শুরু হবে পার্কে যাতায়াতকারীরা যাতে সহজে পার্কে যেতে পারে সেজন্য একটি সিগনেচার পথচারী ব্রিজ নির্মাণের মধ্যে দিয়ে। এছাড়াও পরিকল্পনাসমূহ একাধিক বেজবল ও সফটবল মাঠ উন্নয়নের জন্য, এবং পার্ককে লেকের পানির উঁচু সীমা এবং চরম আবহাওয়া থেকে রক্ষা করার জন্য একটি স্থিতিস্থাপক উপকূলরেখা তৈরির জন্য ইনলেট এলাকার পুনর্বাসন করার আহ্বানও করেছে।

অন্য কিছু কাজ যা ইতিমধ্যে শেষ হয়েছে: মার্কিন প্রকৌশলীদের আর্মি কোর (U.S. Army Corps of Engineers) কর্নেল ওয়ার্ড পাম্পিং স্টেশনের সামনের বিদ্যমান সমুদ্র প্রতিরোধী বাঁধকে উল্লেখযোগ্য পরিমাণ সংস্কার করেছে, বাফেলো পানি কর্তৃপক্ষ (Buffalo Water Authority) একটি 48 ইঞ্চি ওয়াটার মেইনের অতি গুরুত্বপূর্ণ মেরামতকাজ শেষ করেছে, স্কেট পার্ক এবং ওয়াটারফ্রন্ট ভিলেজ (Waterfront Village) আবাসনের পেছনের এম্পায়ার স্টেট ট্রেইলের (Empire State Trail) উন্নয়নকাজ শেষ হয়েছে।

বিশ্বব্যাপী এর সৃজনশীল এবং অনন্য শহুরে নকশার জন্য পরিচিত একটি নিউ ইয়র্কভিত্তিক স্থাপত্য ফার্ম, মাইকেল ভ্যান ভকেনবার্গ অ্যাসোসিয়েটস (Michael Van Valkenburgh Associates, MVVA), বাফেলো সিটি, BUDC, UBRI এবং ইমাজিন লাস্যাল প্রকল্প অংশীদারদের সহযোগিতা নিয়ে পার্কটির নকশা করেছে। এছাড়াও MVVA ডেট্রয়েটের রিভারফ্রন্টে র‍্যাল্ফ উইলসন পার্কের "বোনকে" নকশা করছে, যা উইলসন ফাউন্ডেশনের আরেকটি ভৌগলিক মনোযোগের স্থান। নতুন পথচারী ব্রিজটির নকশা ও নির্মাণ কাজের নেতৃত্ব দিচ্ছে স্থাপত্য এবং প্রকৌশল ফার্ম স্যালাইখ বার্জারম্যান পার্টনার (schlaich bergermann partner, sbp), ব্রিজটি I-190 এ বিস্তৃত এবং র‍্যাল্ফ উইলসন পার্ককে আশেপাশের এলাকাসমূহের সাথে সংযুক্ত করে। BUDC এবং গার্ডিনার অ্যান্ড থিওবোল্ড (Gardiner & Theobold) সম্পূর্ণ প্রকল্পটির ব্যবস্থাপনা করবে। জিলবেন বিল্ডিং কোম্পানির (Gilbane Building Company) নেতৃত্বে বৈচিত্র্যময় নির্মাণ ফার্মের একটি দল নির্মাণকাজ ব্যবস্থাপনা সেবা প্রদান করবে।

প্রতিষ্ঠাতা অংশীদারগণ

পার্কটির প্রথম পর্যায়ের সম্পূর্ণ তহবিল রয়েছে এবং পুরো পার্কটির 90 শতাংশের বেশি নির্মাণ সমর্থনের জন্য তহবিল রয়েছে।

2019 সালের অক্টোবর মাসে, নিউ ইয়র্ক স্টেট পথচারী ব্রিজটির নির্মাণ সমর্থনের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করেছে। NYS এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) ইনলেটের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, এবং বাফেলো নায়াগ্রা ওয়াটারকিপারের (Buffalo Niagara Waterkeeper) বাফেলো ব্লুওয়ে (Buffalo Blueway) উদ্যোগ থেকে পার্কের ভেতরে একটি পাবলিক অ্যাক্সেস ব্লুওয়ে সাইট নির্মাণের জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া গেছে, যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) দ্বারা আংশিকভাবে অর্থায়িত। এছাড়াও মার্কিন অভ্যন্তরীণ ডিপার্টমেন্ট (Department of the Interior) আউটডোর বিনোদন লেগেসি অংশীদারিত্ব (Outdoor Recreation Legacy Partnership, ORLP) কর্মসূচির মাধ্যমে খেলার মাঠের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

বাফেলো সিটি নতুন পথচারী ব্রিজটির সমর্থনে 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে যেটি লোয়ার ওয়েস্ট সাইড এলাকাকে পার্ক এবং ওয়াটারফ্রন্টের সাথে সংযুক্ত করে। উইলসন ফাউন্ডেশন অতিরিক্ত10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে পথচারী ব্রিজ এবং উপকূলরেখার স্থিতিস্থাপকতার তহবিল মিলানোর জন্য যাতে করে সম্প্রদায়ের সম্পূর্ণ স্বপ্ন বাস্তব করা যায়। গ্রিনওয়ে কমিশন (Greenway Commission) উপকূলরেখা এবং এম্পায়ার স্টেট ট্রেইলের বর্ধিত সংযোগ সমর্থন করার জন্য এবং একইসাথে পার্কের মধ্যে দিয়ে বর্ধিত চলাচল সমর্থন করতে 2.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। MLB-MLBPA ইয়ুথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (MLB-MLBPA Youth Development Foundation), যা মেজর লীগ বেজবল (Major League Baseball, MLB) এবং মেজর লীগ বেজবল প্লেয়ার্স অ্যাসোসিয়েশনের (Major League Baseball Players Association, MLBPA) একটি যৌথ উদ্যোগ, কমবয়সীদের বেজবল ও সফটবল মাঠ সংস্কারের জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

পাশাপাশি, জাতীয় সামুদ্রিক এবং বায়ুমণ্ডলীয় প্রশাসন (National Oceanic and Atmospheric Administration, NOAA), মার্কিন এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (U.S. Environmental Protection Agency, EPA) সমন্বয়ে, 2 মিলিয়ন মার্কিন ডলার গ্রেট লেকস পুনর্বাসন উদ্যোগ (Great Lakes Restoration Initiative, GLRI) তহবিল প্রদান করেছে, গ্রেট লেকস কমিশনের (Great Lakes Commission) সাথে একটি আঞ্চলিক অংশীদারিত্বের মাধ্যমে উপকূলীয় প্রাণীর আবাসন পুনর্বাসনের জন্য প্রাক-নির্মাণ কর্মকাণ্ডের প্রকৌশল ও নকশার কাজ সমর্থন করার জন্য।

NOAA বর্তমানে গ্রেট লেকস কমিশনের সাথে একটি নবায়নকৃত অংশীদারিত্বের মাধ্যমে উপকূলীয় প্রাণীর আবাসন বৃদ্ধির জন্য এবং আরো স্থিতিস্থাপক উপকূলরেখা গঠনের জন্য পুনর্বাসন প্রকল্পের নির্মাণের জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলার GLRI তহবিলের সুপারিশ করছে। এই প্রচেষ্টাগুলি গ্রেট লেকস পুনর্বাসন উদ্যোগ কর্ম পরিকল্পনাকে (Great Lakes Restoration Initiative Action Plan) ব্যাপকভাবে সমর্থন করবে, এবং র‍্যাল্ফ উইলসন পার্কটি সুরক্ষা ও পুনর্বাসনের একটি অগ্রাধিকার পাওয়া প্রাণীর আবাসন সাইট হবে। পার্কটি নায়াগ্রা

এরিয়া অফ কন্সার্নের (Niagara Area of Concern, AOC) মধ্যে অবস্থিত হবে, যার অংশকে এই নামকরণ করা হয়েছে মৎস্য ও বন্যপ্রাণীর আবাসন হারানো, এবং মৎস্য সংখ্যার অধঃপতনের জন্য। পাশাপাশি, উপকূলরেখায় বাফেলো নায়াগ্রা ওয়াটারকিপার এবং NYS এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) সহযোগিতামূলক কাজ প্রাণীর আবাসন পুনর্বাসন এবং পার্কের ইনলেট এলাকায় স্থানীয়ভাবে স্থানীয় উদ্ভিদ সংগ্রহ ও লাগানোর জন্য পশ্চিম নিউ ইয়র্ক ভূমি কনজারভেন্সির প্রচেষ্টাকে অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট একাধিক উদ্যোগ শুরু করবে। জাতীয় মৎস্য ও বন্যপ্রাণী ফাউন্ডেশনও (National Fish and Wildlife Foundation) 2,600 গাছ লাগিয়ে সমর্থন করবে।

নিউ ইয়র্ক স্টেট DEC-র কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "ভবিষ্যৎ র‍্যাল্ফ উইলসন পার্কটি একটি আকর্ষণীয় প্রকল্প যা আশেপাশের সম্প্রদায়সমূহের জন্য বড় পরিবেশগত সুবিধা আনবে, ইরি লেক এবং নায়াগ্রা ওয়াটারফ্রন্টে নতুন পাবলিক অ্যাক্সেস প্রদান করবে, এবং আমাদের প্রাকৃতিক সংস্থান সংরক্ষণের উদ্দেশ্যে আউটডোর শিক্ষা প্রদান করবে। এছাড়াও এটি বন্যপ্রাণী সংরক্ষণ করতে DEC-র প্রতিশ্রুতিকে সমর্থন করে, এই এলাকায় অবস্থিত অধঃপতিত মাছ ও বন্যপ্রাণীর আবাসন পুনর্বাসনের একটি উল্লেখযোগ্য সুযোগ প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "বাফেলোর এই দুর্দান্ত ওয়াটারফ্রন্টে নতুন এই পার্ক তৈরির ক্ষেত্রে একটি বড় মাইলফলকে পৌঁছানোর জন্য অভিনন্দন। পাবলিক পার্ক সম্প্রদায়ের একটি অবিচ্ছেদ্য এবং অত্যাবশ্যকীয় অংশ। র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং বাফেলোর মানুষ যে একত্রে এসে এই দারুণ এবং অন্তর্ভুক্তিকর পাবলিক পার্ক বানাচ্ছে তা দেখা অত্যন্ত সন্তোষজনক।"

এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি অঞ্চল 2-র আঞ্চলিক প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন, "বাফেলো এবং ইরি লেককে ভালোবাসে এমন সকলের জন্য আজকে দারুণ উৎসাহের একটি দিন। প্রকল্পটি গঠন করা হয়েছে এমন একটি সম্প্রদায়ের মতামত নিয়ে যারা ঐতিহাসিকভাবে দূষণের অতিরিক্ত চাপে রয়েছে এবং সুন্দর এই ওয়াটারফ্রন্টের সুবিধা ভোগ করতে পারছে না। দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law) থেকে করা বিনিয়োগের মাধ্যমে আমরা বাফেলোর পানি পুনর্বাসন ও সুরক্ষায় নজিরবিহীন অগ্রগতি করবো, সকলের উপভোগের জন্য ওয়াটারফ্রন্ট অ্যাক্সেস ও সবুজ স্থান নিশ্চিত করবো।"

সিনেটর চাক শুমার বলেন, "র‍্যাল্ফ উইলসন আমার প্রিয় একজন বন্ধু ছিলো, এবং এই পার্কটি তার লেগেসি এবং বাফেলোর প্রতি তার অবিচল অঙ্গীকারের প্রতি একটি মানানসই সম্মাননা হবে। শীঘ্রই, একটি আধুনিক এবং প্রাণবন্ত পার্ক নিশ্চিত করবে যাতে ওয়াটারফ্রন্টের পাবলিক অ্যাক্সেস সত্যিই সকলের জন্য হয়। আমি উইলসন ফাউন্ডেশনকে র‍্যাল্ফের স্বপ্নের প্রতি তাদের অটল নিবেদনের জন্য, বাফেলো সিটিকে এই প্রকল্পে তাদের অঙ্গীকারের জন্য, এবং যে কর্মীরা ওয়াটারফ্রন্ট জমির সুন্দর এই পার্সেলে একটি অত্যাধুনিক পাবলিক ফ্যাসিলিটি তৈরি করতে যাচ্ছে তাদের প্রশংসা করতে চাই।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "র‍্যাল্ফ উইলসন কনজারভেন্সির এই অঙ্গীকারটি এমন একটি উপহার যা আগামী অনেক প্রজন্ম ধরে বাফেলো এবং পশ্চিম মানুষকে লাভবান করতে

থাকবে। পার্ক আশেপাশের সম্প্রদায়সমূহে প্রশান্তি ও শক্তি উভয় নিয়ে আসে।আমরা এই লেগেসি বিনিয়োগ এবং 24 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল নিয়ে এই কাজটি শুরু হতে দেখে অত্যন্ত খুশি।প্রকল্পটি মানুষকে তাদের ওয়াটারফ্রন্টের সাথে, স্বাস্থ্যকর বিনোদন বিকল্প, এবং একে অন্যের সাথে আরো ভালোভাবে সংযুক্ত করে।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "আজকের শুরু হওয়া কাজ বাফেলো সিটি নিয়ে র‍্যাল্ফ সি. উইলসনের স্বপ্নকে বিবর্ধিত করে, একটি অন্তর্ভুক্তিকর, সহযোগিতামূলক, এবং বিশ্বমানের পাবলিক স্পেস তৈরি করার মাধ্যমে যা আমাদের শহরের ওয়াটারফ্রন্ট উদযাপন করার নতুন সুযোগ আনবে এবং সত্যিকার অর্থেই জনগণের পার্ক তৈরি করবে। এই প্রকল্পে বিনিয়োগ করা আমাদের সরকারের অনেক পর্যায়ে একটি অগ্রাধিকার ছিলো, শুধু এই কারণে নয় যে এটি কুইন সিটিতে অতুলনীয় বিনোদনের অভিজ্ঞতা নিয়ে আসবে, বরং এই কারণেও যে এটি জনাব উইলসনের লেগেসি এবং আমাদের বৃহত্তর অঞ্চলের ভবিষ্যতের প্রতি তার অঙ্গীকারকে সম্মান জানাবে।"

স্টেটের সিনেটর শন রায়ান বলেন, "নতুন র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র সেন্টেনিয়াল পার্কটি র‍্যাল্ফ উইলসনের জীবন ও লেগেসির প্রতি এবং বাফেলো ও পশ্চিম নিউ ইয়র্ক সম্প্রদায়ের প্রতি তার উদার মনোভাবের প্রতি একটি সুন্দর সম্মাননা হবে। নতুন পার্কটি একটি ওয়াটারফ্রন্ট গন্তব্য হবে, আশেপাশের এলাকা এবং অঞ্চলব্যাপী মানুষের জন্য বিনোদনমূলক সুযোগ প্রদান করবে। আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট এই মহান প্রকল্পে বিনিয়োগ করেছে, এবং আমি ম্যারি উইলসন ও উইলসন ফাউন্ডেশনকে তাদের নেতৃত্ব এবং আমাদের সম্প্রদায়ের প্রতি স্থায়ী অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "র‍্যাল্ফ উইলসন পার্কটি হলো সত্যিকারের প্রমাণ যে সম্প্রদায়কে জড়িত করে এবং সহযোগিতার মাধ্যমে আমরা কী কী অর্জন করতে পারি। সরকারের এবং বেসরকারি খাতের বহু অংশীদারের কঠোর পরিশ্রমের কল্যাণে, বাফেলোর একটি বিশ্বমানের জমায়েত হওয়ার স্থান থাকবে যেখানে আমাদের ওয়াটারফ্রন্টের বর্ধিত অ্যাক্সেস এবং সম্প্রসারিত ও উন্নত সবুজ স্থান থাকবে। রূপান্তরমূলক এই প্রকল্পটি র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের দারুণ কাজ ছাড়া সম্ভব হতো না, তারা র‍্যাল্ফ উইলসন জুনিয়রের লেগেসি অব্যাহত রাখছে।"

বাফেলো আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রেসিডেন্ট ব্র্যান্ডি মেরিওয়েদার এবং নির্বাহী ভাইস প্রেসিডেন্ট রেবেকা গ্র্যান্ডোর বলেন, "BUDC পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, মেয়র বায়রন ব্রাউন এবং BUDC ডাউনটাউন কমিটির (BUDC's Downtown Committee) প্রধান ব্রেন্ডান মেহাফির পক্ষে র‍্যাল্ফ উইলসন পার্কের কাজ শুরু হওয়া উদযাপন করতে পেরে অত্যন্ত খুশি। আমাদের অসাধারণ প্রকল্প অংশীদারদের প্রতি অনেক ধন্যবাদ যারা গত কয়েক বছর ধরে আমাদেরকে এই পর্যন্ত আনার জন্য কঠোর পরিশ্রম করেছে। র‍্যাল্ফ উইলসন সেন্টেনিয়াল পার্ককে বিশ্বমানের ওয়াটারফ্রন্ট গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করা বাফেলো সিটির সবথেকে বৈচিত্র্যময় এলাকাগুলির একটিতে অবস্থানের ধারণা উন্নত করার BUDC-র স্বপ্নের সাথে মানানসই।"

MLB এবং MLBPA ইয়ুথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জিন লি ব্যাট্রাস বলেন, "আমরা র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং অন্যান্য মহান অংশীদারদের সাথে র‍্যাল্ফ উইলসন পার্কের এই সম্প্রদায়চালিত পুনরুজ্জীবনের কাজে যোগ দিতে পেরে গর্বিত। এই প্রকল্পের প্রতি আমাদের সমর্থন কমবয়সীদের মধ্যে বেজবল ও সফটবলে অংশগ্রহণ বৃদ্ধি করা এবং ভিন্ন ভিন্ন সংস্কৃতি ও সম্প্রদায়সমূহে একত্রে আনার আমাদের সংগঠনের মিশনের সাথে নিখুঁতভাবে মানানসই। আমরা পার্কটির সব কাজ সম্পূর্ণ হতে দেখার অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

গ্রেট লেকস কমিশনের নির্বাহী পরিচালক এরিকা জেনসেন বলেন, "গ্রেট লেকস কমিশন উপকূলীয় স্থিতিস্থাপকতা উন্নয়ন এবং নায়াগ্রা নদীর এরিয়া অফ কন্সার্নের মৎস্য ও বন্যপ্রাণীর আবাস উন্নত করার ক্ষেত্রে নিজেদের ভূমিকা নিয়ে গর্বিত। একটি বলিষ্ঠ সম্প্রদায়ের পরিকল্পনা প্রক্রিয়ার পর উদ্ভাবনী প্রকল্পটি গঠন করেছে স্থানীয় অংশীদার, ব্যবসা, স্টেট, এবং ফেডারেল এজেন্সিসমূহের একটি নিবেদিত দল, এবং এটি পার্কের বৃহত্তর রূপান্তরের মধ্যে প্রাণীর আবাসন পুনর্বাসনকে অন্তর্ভুক্ত করে। আমরা অত্যন্ত খুশি যে এটি সম্পূর্ণ বাফেলো সম্প্রদায়কে বাস্তুসংস্থানসংক্রান্ত সুবিধা এবং বিনোদনমূলক সুযোগ প্রদান করবে।"

NOAA ফিশারিজের প্রাণীর আবাসন সংরক্ষণ অফিসের পরিচালক ক্যারি সেলবার্গ বলেন, "র‍্যাল্ফ উইলসন পার্ক প্রকল্পটি উপকূলীয় জলাভূমি তৈরি করে, কঠিন উপকূলরেখা অপসারণ করে, এবং অনেক ধরনের মাছ ও প্রজাতির জন্য আবাসন তৈরি করার মাধ্যমে নায়াগ্রা নদীর ইকোসিস্টেম এবং বাফেলো সিটির জন্য অনেক ধরনের সুবিধা প্রদান করবে। NOAA স্থানীয় সম্প্রদায়ের এমন একটি রূপান্তরমূলক প্রচেষ্টার সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত, এবং আমরা এই প্রকল্পটিকে অগ্রসর হতে দেখতে আগ্রহী।"

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোরিন এ. কোলম্যান বলেন, "EFC এই গুরুত্বপূর্ণ পরিবেশসংক্রান্ত ন্যায়বিচার প্রকল্পকে ইরি লেকের উপকূলরেখা পুনরায় প্রাকৃতিক করতে সাহায্য করার জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার উদ্ভাবনী অনুদান দিয়ে সমর্থন করতে পেরে আনন্দিত। প্রকল্পটি কংক্রিট সমুদ্র প্রতিরোধী বাঁধ অপসারণ করে এবং তাকে জলাভূমি দ্বারা প্রতিস্থাপন করে উপকূলে সুন্দর সবুজ স্থান যোগ করবে, যা জলজ উদ্ভিদ এবং মাছের আবাসন প্রদান করবে যা সময়ের সাথে উন্নত হতে থাকবে এবং ওয়াটারফ্রন্টের জন্য প্রাকৃতিক স্থিতিস্থাপকতা প্রদান করবে। এই প্রকল্পটি শুধু বাফেলোর মানুষ ও দর্শনার্থীদের জন্য বিনোদনের সুযোগ প্রদান করবে না, বরং এটি বন্যার ঘটনা বাফার করে, ভূমিক্ষয় হ্রাস করে, কার্বন জমা করে, এবং জলজ উদ্ভিদ, জলজ জীবন এবং বন্যপ্রাণীর জন্য আবাসন বৃদ্ধি করে ইরি লেকের পানির মানও উন্নত করবে।"

বাফেলো নায়াগ্রা ওয়াটারকিপারের নির্বাহী পরিচালক জিল জেডলিকা বলেন, "গত পাঁচ বছর ধরে, বাফেলো নায়াগ্রা ওয়াটারকিপার, আমাদের শহরের ওয়াটারফ্রন্টে, জীবনে একবার সম্ভব এমন একটি প্রকল্পের জন্য দুর্দান্ত এই পার্ক দলের একটি অংশ হতে পেরে অনেক আনন্দিত। র‍্যাল্ফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের প্রতিশ্রুতি ও স্বপ্নের সাথে বাফেলো সিটি ও কয়েক ডজন অংশীদারের সহযোগিতা মিলিত হয়ে জনাব উইলসনের স্মৃতিতে ন্যায্য পাবলিক অ্যাক্সেস এবং স্বাস্থ্যকর ইকোসিস্টেমের একটি লেগেসি তৈরি করে দিবে। ওয়াটারকিপার

আমাদের বাফেলো ব্লুওয়ে উদ্যোগের মাধ্যমে এবং এই পার্কের জন্য উল্লেখযোগ্য প্রাণীর আবাসন ও ইকোসিস্টেম নিশ্চিত করতে সাহায্য করার মাধ্যমে এই কাজকে সমর্থন করতে পেরে সম্মানিত হয়েছে। আমরা এই প্রকল্পের শেষ হতে দেখা পর্যন্ত এবং ইকোসিস্টেম ও উপকূলরেখার উন্নয়নের সফল বাস্তবায়ন নিশ্চিত করতে একজন অঙ্গীকারবদ্ধ অংশীদার হয়ে থাকবো।"

র‍্যাল্ফ উইলসন পার্ক কনজারভেন্সি সম্পর্কে

র‍্যাল্ফ উইলসন পার্ক কনজারভেন্সি একটি অলাভজনক সংগঠন যা তৈরি করা হয়েছে বাফেলো সিটির সাথে অংশীদারিত্বে বাফেলো সিটির ভেতরের ইরি লেকের উপকূলরেখায় অবস্থিত একটি 99 একরের পার্ক, র‍্যাল্ফ উইলসন পার্কের পরিচালনা, রক্ষণাবেক্ষণ, এবং জনগণের ব্যবহার প্রসার করার জন্য। 2021 সালে স্থাপিত হওয়া কনজারভেন্সি ইমাজিন লাস্যালের জনগণকে জড়িত করার প্রক্রিয়ায় বর্ণিত অগ্রাধিকারের প্রতিফলন করার জন্য এবং এমন একটি ফ্রেমওয়ার্ক স্থাপন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা দ্বারা পার্কটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা হবে, এবং এটি যেই সম্প্রদায়কে সেবাদান করে তার মতামত গ্রহণের উপর মনোযোগ অব্যাহত থাকবে।

কনজারভেন্সি স্থানীয় সম্প্রদায়ের সাথে এবং বাফেলো সিটির পার্কস ডিপার্টমেন্টের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে, পার্কের উন্নয়ন রক্ষণাবেক্ষণ, কাঠামোগত নয় এমন উন্নয়ন, টার্ফের রক্ষণাবেক্ষণ, হর্টিকালচার, আসবাব, ইভেন্ট, এবং কর্মসূচি, কনসেশন, মার্কেটিং এবং ব্র্যান্ডিংয়ের মতো দায়িত্ব গ্রহণ করবে। আরও জানতে https://RWParkBuffalo.org এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418